

🖪 আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكْوير

আয়াতঃ ৮১: ২৪

আরবি মূল আয়াত:

وَ مَا هُوَ عَلَى الغَيبِ بِضَنِينٍ ﴿ ٢٢ ﴾

🗚 আনুবাদসমূহ:

আর সে তো গায়েব সম্পর্কে কৃপণ নয়। — আল-বায়ান

সে গায়েবের (জ্ঞান মানুষের কাছে পৌঁছে দেয়ার) ব্যাপারে কৃপণতা করে না। — তাইসিরুল

সে অদৃশ্য বিষয় সম্পর্কে বর্ণনা করতে কার্পন্য করেনা। — মুজিবুর রহমান

And Muhammad is not a withholder of [knowledge of] the unseen. — Sahih International

২৪. তিনি গায়েবী বিষয় সম্পর্কে কৃপণ নয়।(১)

(১) অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমাদের কাছ থেকে কোন কথা গোপন রাখেন না। গায়েব থেকে তার কাছে যে-সব তথ্য বা অহী আসে তা সবই তিনি একটুও কমবেশী না করে তোমাদের কাছে বর্ণনা করেন। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

২৪। সে অদৃশ্য (অহী) প্রচারে কৃপণ নয়। [1]

[1] এখানে নবী (সাঃ)-এর ব্যাপারে স্পষ্ট করা হচ্ছে যে, তাঁর নিকট যে খবর আসে, যে বিধি-বিধান ও ফরয অবতীর্ণ হয়, তার মধ্যে কোন বিষয়কে তিনি গোপন রাখেন না; বরং রিসালতের দায়িত্ব অনুভব করে প্রতিটি কথা ও বিধান লোকদের কাছে পৌঁছে দেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5824

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন